

# Model Activity Task

## Class 8

### History ( Part -1)

অধ্যায়:-

১. আঞ্চলিক শক্তির উত্থান।
২. ঔপনিবেশিক কর্তৃত্ব প্রতিষ্ঠা।

১. দেওয়ানির অধিকার, দ্বৈতশাসন ব্যবস্থা ও ছিয়াত্তরের মন্বন্তর কীভাবে একে অপরের সাথে সম্পর্কযুক্ত ছিল? (১০০ থেকে ১২০ শব্দে লেখা)।

উত্তর:- ১৭৬৫ খ্রিস্টাব্দে বাদশাহ শাহ আলম দিল্লির অধিকার ফিরে পাওয়ার বদলে একটি ফরমান জারি করেন। সেই ফরমান অনুযায়ী বাংলা, বিহার ও উড়িষ্যার ব্রিটিশ কোম্পানিকে দেওয়া হয়। কোম্পানি এই দেওয়ানি লাভের ফলে বাংলায় আসলে দুজন শাসক বা দ্বৈতশাসন ব্যবস্থা শুরু হয়। একদিকে রাজনৈতিক ও আইন শৃঙ্খলার দ্বায়িত্বে বাংলার নবাব থাকলে ও কোম্পানি ক্রমাগত রাজস্ব আদায় করে চলে।

এই দ্বৈতশাসন ব্যবস্থার ফলে ক্রমে দেখা যায় বাংলার রাজস্বই কোম্পানির ব্যাবসার মূলধন হয়ে ওঠে। এই সময়ে ব্রিটিশ কোম্পানির একমাত্র লক্ষ্য ছিল যত বেশি সম্ভব রাজস্ব আদায় করা। কোম্পানি কুশাসন ও অত্যাচারের মাত্রা বাড়িয়ে দিয়েছিল। ছলে, বলে কৌশলে তারা খাজনার নামে অর্থ শুধু নয় চাল, ধান ও হস্তাগত করে। এর ফলেই ১৭৭০ খ্রিস্টাব্দে বাংলায় ভয়ানক দুর্ভিক্ষ দেখা দেয় যা ১১৭৬ বঙ্গাব্দ অনুসারে ছিয়াত্তরের মন্বন্তর নামে পরিচিত।

২. নির্ভুল তথ্য দিয়ে ফাঁকা ঘরগুলো পূরণ করো।

উদ্যোগ	প্রশাসক	অন্যান্য উদ্যোগ
১) ১৭৭৩ থেকে ১৭৮১ খ্রিস্টাব্দের মধ্যে দেওয়ানী বিচার ব্যবস্থার কয়েকটি পরিবর্তন ঘটে।	ওয়ারেন হেস্টিংস	১. প্রতি জেলাতে একটি দেওয়ানী ও একটি ফৌজদারি আদালত তৈরি করেন, ২. একটি রেভিনিউ বোর্ড গঠন করে রাজস্ব সংক্রান্ত বিষয়ের তথ্য অনুসন্ধান এর নির্দেশ দেন।
২) দেওয়ানী সংক্রান্ত বিচার ও রাজস্ব আদায়ের দায়িত্ব আলাদা করা হয়।	লর্ড কর্নওয়ালিস	১. জেলাগুলির দেখভাল করার জন্য পুলিশ থানার ব্যবহার প্রচলন করেন, ২. ১৮০০ খ্রিস্টাব্দে কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ গড়ে তোলেন।

৩.

৩) প্রসাশনিক ব্যয় কমতে  
চেয়েছিলেন।

লর্ড উইলিয়াম  
বেন্টিঙ্ক

১. ডেপুটি ম্যাজিস্ট্রেট, ডেপুটি  
কালেক্টর প্রভৃতি পদে আবার  
ভারতীয়দের নিয়োগ করেন,  
২. এলাহাবাদ বারানসি অঞ্চলের  
মহলওয়ারি বন্দোবস্ত চালু করেন

নিচের শব্দ ছকটি পূরন কর।

উপর নীচ

১. বেনারস সংস্কৃত কলেজের প্রতিষ্ঠাতা।

উত্তর :- জোনাথন ডানকান।

২. যার প্রস্তাব অনুমায়ী তিনটি প্রেসিডেন্সিতে তিনটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছিল।

উত্তর :- চার্লস উড

৩. সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি, হিন্দু কলেজ তৈরির সাথে যুক্ত ছিলেন।

উত্তর :- এডওয়ার্ড হাইডইস্ট

পাশাপাশি

৪. কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেছিলেন।

উত্তর :- ওয়ারেন হেস্টিংস।

৫. ১৮০০ খ্রিস্টাব্দে শ্রীরামপুরে প্রতিষ্ঠিত একটি সংস্থা।

উত্তর :- ব্যাপ্টিস্ট মিশন।

৬. হিন্দু কলেজ প্রতিষ্ঠার সঙ্গে যুক্ত ছিলেন, অন্যতম শিক্ষা অনুরাগী।

উত্তর :- ডেভিড হেয়ার।